# নির্দিষ্টকরণ আইন, ২০১৪

( ২০১৪ সনের ৫ নং আইন )

**২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন**

যেহেতু ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**২০১৪-২০১৫ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৩৮২৩৪০,০১,২১,০০০ (তিন লক্ষ বিরাশি হাজার তিনশত চল্লিশ কোটি এক লক্ষ একুশ হাজার) টাকা প্রদান**

২। ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলে কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৩৮২৩৪০,০১,২১,০০০ (তিন লক্ষ বিরাশি হাজার তিনশত চল্লিশ কোটি এক লক্ষ একুশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।